তারিখ ....২৬ APR 2016...
পৃষ্ঠা ...৬... কলাম ৭ ......

সংবাদ

# কম্পিউটার পেল ৭ শিক্ষাপ্রতিষ্ঠান

প্রতিনিধি, কুমিল্লা

কুমিল্লা জেলা পরিষদের নিজস্ব অর্থায়নের বরাদ্দ থেকে প্রিন্টারসহ কম্পিউটার পেয়েছে জেলার ৭টি শিক্ষাপ্রতিষ্ঠান। এছাড়া জেলা মুক্তিযোদ্ধা সংসদ ও অসহায় মেধাবী ছাত্রদের মাঝেও কম্পিউটার বিতরণ করা হয়েছে। গতকাল রবিবার দুপুর ১২টার দিকে এসব বিতরণ করেন কুমিল্লা জেলা পরিষদের প্রশাসক বীর মুক্তিযোদ্ধা আলহাজ মো. ওমর ফারুক। এ সময় অন্যান্যের মধ্যে ছিলেন পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা সঞ্জয় কুমার ভৌমিক, জেলা মুক্তিযোদ্ধা সংসদের ডেপুটি কমান্ডার গিয়াস উদ্দিন খান প্রমুখ।

অনুষ্ঠানে সদর দক্ষিণ উপজেলার ড. আখতার হামিদ খান ভোকেশনাল ট্রেনিং ইন্সটিটিউট, ভুবনপুর পঞ্চগ্রাম উচ্চ বিদ্যালয়, লাকসাম উপজেলার মুদাফফরগঞ্জ এ ইউ ফাযিল মাদরাসা, মুদাফফরগঞ্জ আলি নওয়াব উচ্চ বিদ্যালয়, বরুড়া উপজেলার গালিমপুর টিসি উচ্চ বিদ্যালয়, বুড়িচং উপজেলার ফকির বাজার বহুমুখী উচ্চ বিদ্যালয় ও কলেজ, চৌদ্দগ্রাম উপজেলার সলাকান্দি জিসি উচ্চ বিদ্যালয়ের প্রতিষ্ঠান প্রধানগণের হাতে প্রিন্টারসহ ৮টি কম্পিউটার তুলে দেয়া হয়। এছাড়া জেলা মুক্তিযোদ্ধা সংসদ, জেলা পরিষদের প্যানেল আইনজীবী দেওয়ান মোহাম্মদ সাকিক ও অসহায় মেধাবী ছাত্র ফাহিম মমতাসুর আসিফকে কম্পিউটার প্রদান করা হয়।